দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 23 1999

পৃষ্ঠা ৪ কলাম ৬

## পাঠ্য পুস্তকে ভুল তথ্য

১৯৭১ সালে আমাদের মহান স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান রাখিবার জন্য যে ৭ জন অমর ব্যক্তিত্ব সর্বোচ্চ উপাধিতে (বীরশ্রেষ্ঠ) ভূষিত হইয়াছেন তাহাদের একজন হইলেন বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ। ৯ম-১০ম শ্রেণীর গদ্য বইতে আলাউদ্দিন আল আজাদ রচিত 'বীরশ্রেষ্ঠদের কথা' নামক গল্পে আব্দুর রউফ সম্পর্কে একটি ভুল তথ্য লেখা রহিয়াছে, যাহা প্রায় দেড় যুগেও সংশোধন করা হয় নাই। উক্ত গল্পে লেখা আছে– 'মুন্সী আব্দুর রব ১৯৪৩ সালের মে মাসে ফরিদপুর জেলার বোয়ালখালি থানার অন্তর্গত সালামতপুর গ্রামে জন্মগ্রহণ করেন।' এইখানে বোয়ালখালি নামক যে থানাটির উল্লেখ করা হইয়াছে বাস্তবে উক্ত নামের কোন থানা ফরিদপুর তথা বৃহত্তর ফরিদপুর জেলায় অতীতে কোনকালে ছিল না, এবং বর্তমানেও নাই। ফরিদপুর জেলার অন্তর্গত থানাগুলি হইতেছে- আলফাডাঙ্গা, বোয়ালমারী, মধুখালী, ফরিদপুর সদর (কোতোয়ালী), সদরপুর, চরভদ্রাসন, ভাঙ্গা এবং নগরকান্দা। লেখক 'বোয়ালমারী' কে 'বোয়ালখালী' হিসাবে অভিহিত করিয়াছেন কিনা জানি না। যাহা হউক, এই ধরনের একটি ভুল তথ্য কেন বছরের পর বছর পাঠ্য পুস্তকে সযত্নে সংরক্ষণ করা হইতেছে তাহা বোধগম্য নহে। অপরদিকে নূতন প্রজন্ম ভুলটাই না জানিয়া গলধঃকরণ করিতেছে। সুতরাং সঠিক তথ্যটি পাঠ্য পুস্তকে সংযোজন করিবার জন্য পাঠ্য পুস্তক প্রণয়ন কমিটিসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মিজানুর রহমান অনিক,**
গ্রামঃ আড়মাঝী (চরঝামা),
ডাকঃ ঝামাবাজার, থানাঃ মহম্মদপুর,
জেলাঃমাগুরা-৭৬৩০।